সংবাদ

তারিখ 12 JUN 2010
পৃষ্ঠা ১২ কলাম ৪

# নীতিমালা উপেক্ষা করে প্রাইভেট ও বেসরকারি কলেজে ভর্তি বাণিজ্য

নিজস্ব বার্তা পরিবেশক

উচ্চমাধ্যমিক শ্রেণীর ভর্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা মানছে না রাজধানীর বেসরকারি ও প্রাইভেট কলেজগুলো। সরকারি নীতিমালা উপেক্ষা করে কলেজগুলো শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ৫ থেকে ২০ হাজার টাকা আদায় করছে। কয়েকটি প্রাইভেট কলেজ আবার প্যাকেজ ভিত্তিতেও ভর্তি কার্যক্রম চালাচ্ছে। এসব কলেজ দুই বছরের একাদশ-দ্বাদশ শ্রেণীর কোর্স বাবদ শিক্ষার্থীদের কাছে নিচ্ছে ৩ থেকে সাড়ে ৩ লাখ টাকা।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালার তোয়াক্কা না করে বাণিজ্যিক স্বার্থে গড়ে ওঠা কলেজগুলো পাল্লা দিয়ে আগেভাগেই ভর্তি কার্যক্রম শুরু করেছে। এমনকি গতকাল শুক্রবারও এসব কলেজে ভর্তি কার্যক্রম চলে।

ক্যামব্রিয়ান কলেজের চেয়ারম্যান আবুল বাশার গতকাল শুক্রবার বিকেলে টেলিফোনে 'সংবাদ'কে জানান, 'তারা একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করছেন প্যাকেজ পদ্ধতিতে। দুই বছরের একাদশ শ্রেণীর কোর্স সম্পূর্ণ করতে তারা নিচ্ছেন ৩ লাখ টাকা। কোন শিক্ষার্থী ইচ্ছে করলে ২০ কিস্তিতে এই টাকা পরিশোধ করতে পারে'।

শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা ভর্তি নীতিমালার চেয়ে বেশি টাকা আদায় করা প্রসঙ্গে তিনি বলেন, 'অনেক কলেজে ভর্তির পর শিক্ষার্থীদের কাছ থেকে সেশন ফি, লাইব্রেরি ফি, প্র্যাকটিক্যাল ফি, বিনোদন ফি, বনভোজন ফিসহ নানাভাবে শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ আদায় করা হয়। কিন্তু ক্যামব্রিয়ান কলেজে তা করা

ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ২

## ভর্তি : বাণিজ্য

(১২ পৃষ্ঠার পর)

হয় না। তাছাড়া এই কলেজে পড়লে শিক্ষার্থীদের প্রাইভেটও পড়তে হয় না'।

শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালায় বলা হয়েছে, একাদশ শ্রেণীতে ভর্তিতে শিক্ষার্থীদের কাছ থেকে ভর্তির আবেদন ফরম বাবদ ১০ টাকা ও ভর্তি ব্যবস্থাপনা ব্যয় বাবদ ৫০ টাকা নেয়া যাবে। ভর্তির সময় শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত রেজিস্ট্রেশন ফি ১০০ টাকা, ক্রীড়া ফি ২৫ টাকা, রোভার স্কাউট/গার্ল গাইডস ফি ১৫ টাকা, রেড ক্রিসেন্ট ফি ১৫ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭ টাকা এবং শাখা/বিষয় পরিবর্তন ফি ২৫ টাকা নেয়া যাবে। এবারের নীতিমালায় পাঠ বিরতি ফি ১০০ ও বিলম্বে ভর্তি ফি ৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। কিন্তু এই নীতিমালা অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানই মানছে না।

রাজধানীর খিলগাওঁস্থ ন্যাশনাল আইডিয়াল কলেজের অধ্যক্ষ মাকসুদ আলী গতকাল 'সংবাদ'কে বলেন, 'আমরা দুই মাসের বেতনসহ (৮০০ টাকা করে) একাদশ শ্রেণীতে ভর্তি ফি নিচ্ছি ১২ হাজার ২০০টাকা'। তিনি বেশি ভর্তি ফি নেয়ার যৌক্তিকতা তুলে ধরে বলেন, 'নটরডেম কলেজ, মতিঝিল আইডিয়াল কলেজ ও ভিকারুননিসা নূন কলেজ যেভাবে শিক্ষার্থীদের পাঠদান করে, আমরা এরচেয়ে ভালভাবে শিক্ষার্থীদের পাঠদান করি'।

অপরদিকে মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ ইসহাক আলী সংবাদকে জানান, 'তার কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ফি নেয়া হচ্ছে সাড়ে ৫ হাজার টাকা'। এই কলেজে বৃহস্পতিবার একাদশ শ্রেণীতে ভর্তি শুরু হয়েছে।

ভর্তি নীতিমালা অনুযায়ী কলেজে ভর্তি পরীক্ষার পরিবর্তে এবারও জিপিএ'র ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি করানো হচ্ছে। এসএসসির ফলাফল অনুসারে এবার জিপিএ-৫ পাওয়া ৮২ হাজার ৯৬১ জন শিক্ষার্থীর মধ্যেই শহরের অপেক্ষাকৃত ভাল কলেজে ভর্তির মূল প্রতিযোগিতা হবে। ভর্তি নীতিমালা অনুযায়ী বিভাগীয় ও জেলা সদরের কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৮৮ শতাংশ আসন সবার জন্য উন্মুক্ত থাকবে এবং বাকি ১২ শতাংশ আসনের মধ্যে ৭ শতাংশ আসন বিভাগীয় সদরের বাইরের যেকোন অঞ্চলের শিক্ষার্থীদের জন্য ও ৫ শতাংশ আসন মুক্তিযোদ্ধা সন্তানদের/পোষ্যদের জন্য সংরক্ষিত থাকবে। এতে মধ্যম মানের ফলাফল করা কিছু শিক্ষার্থীও ভালও কলেজে ভর্তির সুযোগ পাবে।